



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবনিযুক্ত ট্রেজারার এর যোগদান

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৯ এপ্রিল ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে যোগদান করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া। ১৯ এপ্রিল সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে তাকে ফুল দিয়ে স্বাগত জানান উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনসহ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, চেয়ারম্যানবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীরা। এসময় তিনি উপাচার্য মহোদয়ের কার্যালয়ে যোগদান পত্রে স্বাক্ষর করেন। এরপর উপাচার্য মহোদয়সহ অন্যান্যদেরকে সাথে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে এক মিনিট নীরবতা পালন করেন ট্রেজারার মহোদয়। পরে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে সদ্য যোগদানকৃত ট্রেজারার মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। উল্লেখ্য, গত ১২ এপ্রিল ২০২২ তারিখ শিক্ষা মন্ত্রণালয় থেকে এক প্রজ্ঞাপনের মাধ্যমে অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া কে আগামী ৪ বছরের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিয়োগ দেয়া হয়। অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া ইতোপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া একজন জনপ্রিয় কলামিস্ট ও মিডিয়া ব্যক্তিত্ব হিসেবে ব্যাপকভাবে পরিচিত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস